যায়যায়দিন

তারিখ ৪/২/২০০৯
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# ১২ কলেজে নতুন অধ্যক্ষ নিয়োগ

যাযাদি রিপোর্ট

ঢাকা কলেজসহ ১২টি সরকারি কলেজে নতুন অধ্যক্ষ এবং দুটি কলেজে নতুন উপাধ্যক্ষ নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া বিভিন্ন কলেজে বদলি করা সাতজন সহযোগী অধ্যাপক ও একজন প্রভাষককে। গতকাল শিক্ষা মন্ত্রণালয় থেকে পৃ ১৫ ›› ক ৮

## ১২ কলেজে নতুন

(শেষ পৃষ্ঠার পর)

জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে।

ঢাকা কলেজের অধ্যক্ষ হিসেবে বরিশাল বিএম কলেজের অধ্যক্ষ ড. সিরাজউদ্দিন আহমেদ, ইডেন কলেজের অধ্যক্ষ হিসেবে টঙ্গী সরকারি কলেজের অধ্যক্ষ মাহফুজা চৌধুরী এবং বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ হিসেবে ঢাকার কবি নজরুল ইসলাম কলেজের উপাধ্যক্ষ মেরিনা জাহানকে নিয়োগ দেয়া হয়।